দৈনিক জনকণ্ঠ

266

তারিখ ... — SEP: 1-6-1999
পৃষ্ঠা ১২ কলাম ৬.....

# কুমিল্লায় স্কুলে ঢুকে অস্ত্রের মুখে ছাত্রী অপহরণ চেষ্টা ৮ যুবক আটক

কুমিল্লা, ১৫ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা) ॥ কুমিল্লা শহরতলীর আমড়াতলী হাইস্কুলের ভিতরে ঢুকে ছাত্রী অপহরণের সময় ৮ যুবক আগ্নেয়াস্ত্রসহ স্কুলের ছাত্র ও শিক্ষকদের হাতে আটক হয়েছে। আটককৃতদের পরে পুলিশে সোপর্দ করা হয়। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার দুপুরে। জানা যায়, ৮-১০ জনের যুবক দল স্কুলে ঢুকে পাইপগান ও চাপাতির মুখে নবম শ্রেণীর ছাত্রী নূরজাহানকে অপহরণের চেষ্টা চালায়। এ সময় ছাত্র ও শিক্ষকরা ১টি পাইপগান ও চাপাতিসহ অস্ত্রধারী যুবকদের আটক করে। আটকৃতরা হচ্ছে– মোশারফ হোসেন, আব্দুস সাত্তার, মিজানুর রহমান, মাসুদ রানা, রাখি, শান্ত ইসলাম, কামাল ও কুদ্দুস। এ ব্যাপারে কোতোয়ালি থানায় মামলা হয়েছে।